# এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহী শিক্ষা বোর্ড ঘেরাও

রাজশাহী ব্যুরো
১০ আগস্ট ২০২৩ ০৭:৪৯ পিএম | আপডেট: ১০ আগস্ট ২০২৩ ০৮:২৩ পিএম



রাজশাহী শিক্ষা বোর্ড ঘেরাও করে বিক্ষোভ করে শিক্ষার্থীরা। ছবি: আমাদের সময়

advertisement..

পরীক্ষা সময় পেছানো অথবা ৫০ মার্কের পরীক্ষার দাবিতে রাজশাহীতে শিক্ষা বোর্ড ঘেরাও করে বিক্ষোভ করেছে ২০২৩ ব্যাচের এইচএসসির পরীক্ষার্থীরা। আজ বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে এ কর্মসূচি পালন করে তারা।

জানা গেছে, শুরুতে পুলিশি নিরাপত্তায় রাজশাহী নগরীর জিরো পয়েন্ট থেকে বিক্ষোভ মিছিল বের করে শিক্ষার্থীরা।

advertisement

আন্দোলনরত রাজশাহী সরকারি সিটি কলেজের ছাত্র ফরহাদ মাহমুদ বলেন, '২০২০ সালের আগ পর্যন্ত এইচএসসি পরীক্ষার্থীরা দুই বছর করে সময় পায় পুরো সিলেবাস শেষ করার। এরপরের পরীক্ষার্থীরা করোনার কারণে আড়াই বছর করে সময় পায়। তবে ২০২৩ ব্যাচের পরীক্ষার্থীরা মাত্র দেড় বছর সময় পেয়েছে পুরো সিলেবাস শেষ করার। তাই আমাদের দাবি হয় পরীক্ষা পেছানো হোক নয়তো ১০০ মার্কের পরিবর্তে ৫০ মার্কের পরীক্ষা নেওয়া হোক। এই দাবি আদায়ে সারাদেশে আমরা এইচএসসি পরীক্ষার্থীরা আন্দোলন করে আসছি। এরই ধারাবাহিকতায় আমরা রাজশাহী শিক্ষা বোর্ড ঘেরাও করেছি।'

**আরও পড়ুন: এইচএসসি পেছানোর দাবি পরীক্ষার্থীদের, শিক্ষা বোর্ড কী চায়**

এদিকে, বেলা সাড়ে ১১টার দিকে নগরীর জিরো পয়েন্ট থেকে আন্দোলনরত শিক্ষার্থীরা মিছিল নিয়ে লক্ষীপুরে অবস্থিত রাজশাহী শিক্ষা বোর্ডের উদ্দেশে রওনা দেয়। এসময় তাদের সামনে ও পেছনে বোয়ালিয়া থানা, রাজপাড়া থানা ও গোয়েন্দা শাখার পুলিশ সদস্যরা অবস্থান নেয়। দুপুর ১২টার দিকে বিক্ষোভ মিছিলটি শিক্ষা বোর্ডের সামনে এলে শিক্ষা বোর্ডের প্রধান ফটক বন্ধ করে দেওয়া হয়।

এ সময় রাজশাহী শিক্ষা বোর্ডের সচিব হুমায়ন কবির তার কার্যালয় থেকে বের হয়ে আসেন এবং আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন। আন্দোলনরত শিক্ষার্থীদের ৫ জন প্রতিনিধিকে তিনি বোর্ড চেয়ারম্যানের সঙ্গে কথা বলতে পরামর্শ দেন এবং সকলের সুবিধার্থে শিক্ষা বোর্ডের প্রধান ফটক ছেড়ে দাঁড়াতে অনুরোধ করেন। পরে শিক্ষার্থীরা বোর্ড চেয়ারম্যানের কাছে তাদের দাবি তুলে ধরেন এবং ফিরে যায়।

রাজশাহী শিক্ষা বোর্ডের সচিব হুমায়ন কবির বলেন, 'আমরা আন্দোলনরত শিক্ষার্থীদের পাঁচজন প্রতিনিধিকে শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের সঙ্গে কথা বলতে ব্যবস্থা করে দিয়েছি। পরীক্ষা পরীক্ষার মতোই হবে। শিক্ষামন্ত্রী আইসিটি বিষয়ে সিদ্ধান্ত দিয়েছেন, ২৫ মার্কেট প্রাকটিক্যাল এবং ৭৫ এর স্থানে ৫০ মার্কের থিউরি পরীক্ষা হবে। এটি সরকারি পর্যায়ের সিদ্ধান্ত। আমাদের কাছে সরকারি পর্যায়ের যে সিদ্ধান্ত আসবে আমরা সেটি বাস্তবায়ন করবো। পরীক্ষার বিষয়ে এর বাইরে আমাদের কিছু করার নেই।'